

# ঢাকা ওয়াসা

নথি অফিসঃ ঢাকা পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ (ঢাকা ওয়াসা)

নথি শাখাঃ সায়েদাবাদ পানি শোধনাগার (রক্ষণাবেক্ষণ)

মুদ্রনকারীঃ ঢাকা পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ (ঢাকা ওয়াসা), সায়েদাবাদ পানি শোধনাগার (রক্ষণাবেক্ষণ)

নথি নম্বর: ৪৬.০৫.০০০০.৪৩১.২১.০১৪.২৪ নথির বিষয়: Supply & installation of AC & accessories for SWTP admin building. সরবরাহ কাজের প্রাক্কলন অনুমোদন প্রসঙ্গে।

নোট: ১ নোটের বিষয়: Supply & installation of AC & accessories for SWTP admin building. সরবরাহ কাজের প্রাক্কলন অনুমোদন প্রসঙ্গে।

## অনুচ্ছেদ ১.০ - তারিখঃ ২/৫/২৪ ৫:৪৭ অপরাহ্ন

সংযুক্ত ক্রমিক নং-০১ হতে ০৫ পর্যন্ত অনুগ্রহ পূর্বক দেখা যেতে পারে। সাপাশো ফেজ-১ ও ২ হতে প্রতিদিন প্রায় ৪৫ কোটি লিটার এর অধিক পরিশোধিত পানি ঢাকা মহানগরবাসীদের নিকট সরবরাহ করা হয়। বর্তমানে সায়েদাবাদ পানি শোধনাগার ফেজ-১ এবং ফেজ-২ নামে দুইটি শোধনাগার এবং প্রায় ৪৬ কিলোমিটার পানির মেইন ট্রান্সমিশন লাইন রয়েছে। শোধনাগার দুইটি অতীব গুরুত্বপূর্ণ কেপিআই ভুক্ত একটি জাতীয় স্থাপনা। অত্র প্ল্যান্টে প্রায়শই বিভিন্ন মেডিক্যাল কলেজ, বিশ্ববিদ্যালয়, বিদেশী অতিথি, দাতা সংস্থার প্রতিনিধিবর্গ, সরকারী উচ্চ পদস্থ কর্মকর্তাসহ বিভিন্ন ধরনের অতিথি কর্তৃপক্ষের অনুমতি নিয়ে ভিজিট করে থাকেন। অত্র শোধনাগারে অবস্থিত প্রসাশনিক ভবনে সায়েদাবাদ পানি শোধনাগার রক্ষণাবেক্ষণ অফিস আছে। উক্ত অফিস কক্ষে সহকারী প্রকৌশলী, উপ-সহকারী প্রকৌশলী এবং ইউডিএ সহ অন্যান্য অফিস স্টাফ অফিস করে। অফিস কক্ষের বিদ্যমান এয়ার কন্ডিশনার প্রায় ২০/২১ বছরে অধিক পুরাতন হওয়ায় প্রায় সময় মেরামত করে চালানো হচ্ছে। সম্প্রতি সময়ে এয়ার কন্ডিশনার গুলি ঠিকমত কাজ না করায় এবং বর্তমানে রেকর্ড পরিমানে তাপমাত্রা বৃদ্ধি পেয়েছে এবং বিদ্যমান দীর্ঘদিনের ব্যবহৃত এয়ার কন্ডিশনার ঠিকমত কাজ না করায় এয়ার কন্ডিশনার মেরামতকারী প্রতিষ্ঠান সার্ভে করে জানায় এগুলি আর মেরামত উপযোগী নয়। তাছাড়া বর্তমান মৌসুমে অসহনীয় গরমের জন্য অফিস রুমে বসে বিভাগীয় প্রয়োজনীয় কাজ-কর্ম পরিচালনা করতে নানাবিধ সমস্যার হচ্ছে। ফলে জরুরী ভিত্তিতে নতুন এয়ার কন্ডিশনার লাগানো প্রয়োজন। সেই প্রেক্ষিতে নতুন এয়ার কন্ডিশনার স্থাপন করার জন্য পূর্বের অনুমোদিত দরের আলোকে একটি প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে (সংযুক্ত ক্রমিক-৫)। প্রাক্কলনে টাকার পরিমাণ দাঁড়াইয়াছে টাঃ ৯,৩৩,৯৫৬/- (নয় লক্ষ তেত্রিশ হাজার নয়শত ছাপান্ন) টাকা মাত্র।

## অনুচ্ছেদ ১.১ - তারিখঃ ২/৫/২৪ ৫:৪৯ অপরাহ্ন

২০২৩-২৪ ইং অর্থ বছরের অনুমোদিত সংশোধিত বার্ষিক কর্ম পরিকল্পনায় বিষয়ভুক্ত ক্রয় কাজটি সীমিত দরপত্র পদ্ধতিতে সম্পাদনের অনুমোদন রয়েছে। আলোচ্য কাজটি সংশোধিত বার্ষিক কর্ম পরিকল্পনার ক্রমিক নং-২০৪ এবং প্যাকেজ নং-G-16 তে অন্তর্ভুক্ত রয়েছে। সরবরাহ কাজটি পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা ২০০৮ এর ৬৩ (১) (ঘ) ধারা অনুসারে সীমিত দরপত্র পদ্ধতিতে দরপত্র আহ্বানের মাধ্যমে সম্পাদনের লক্ষ্যে CPTU কর্তৃক প্রণীত STD PG-2 অনুসরণ করে দরপত্র দলিল প্রণয়ন করা হবে। প্রণীত দরপত্র দলিলে কার্যক্রমকারী হিসেবে নির্বাহী প্রকৌশলী, সায়েদাবাদ পানি শোধনাগার (রক্ষণাবেক্ষণ) বিভাগ উল্লেখ করা হবে। ক্রয়কারী কর্তৃক দরপত্র দলিল প্রণয়ন, দরপত্র আহ্বান, কার্য সম্পাদন নোটিশ জারী (NOA) চুক্তি সম্পাদন ও চুক্তি ব্যবস্থাপনা সংক্রান্ত সকল কার্যক্রম সম্পাদন করা হবে।

## অনুচ্ছেদ ১.২ - তারিখঃ ২/৫/২৪ ৫:৫৪ অপরাহ্ন

আলোচ্য সরবরাহ কাজটি বাস্তবায়নের জন্য পূর্বের অনুমোদিত দরের আলোকে দাপ্তরিক প্রাক্কলন প্রস্তুত করা হল (সংযুক্ত ক্রমিক নং-০৫ দ্রঃ)। প্রাক্কলনে মোট টাকার পরিমাণ দাঁড়াইয়াছে সর্বমোট টাঃ ৯,৩৩,৯৫৬/- (নয় লক্ষ তেত্রিশ হাজার নয়শত ছাপান্ন) টাকা মাত্র। উক্ত কাজের ব্যয়ভার সায়েদাবাদ পানি শোধনাগার ফেজ-১ এর ২০২৩-২৪ ইং অর্থ বছরের সংশোধিত পানি ও পয়ঃ শোধনাগার (ও এন্ড এম) খাত হতে বহন করা হবে।

## সংযুক্তিসমূহ (৫):

- ১। সাপাশো (রক্ষণাবেক্ষণ) বিভাগের ২০২৩-২৪ অর্থ বছরের সংশোধিত রাজস্ব বাজেট ও সংশোধিত অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনার কপি।
- ২। সায়েদাবাদ পানি শোধনাগার এর লে-আউটের কপি।
- ৩। পূর্বের অনুমোদিত নোটিশীট এবং দরের কপি।
- ৪। আলোচ্য কাজের মালামালের স্পেসিফিকেশন এর কপি।
- ৫। আলোচ্য কাজের প্রাক্কলন এর কপি।

অনুচ্ছেদ ১.৩ - তারিখঃ ২/৫/২৪ ৫:৫৬ অপরাহ্ন




এমতাবস্থায়, উপর্যুক্ত অনুচ্ছেদ-১.০ হতে ১.২ পর্যন্ত বর্ণনালোকে, “Supply & installation of AC & accessories for SWTP admin building” শীর্ষক কাজটি সম্পাদনের লক্ষ্যে নিম্নবর্ণিত প্রস্তাবসমূহ অনুমোদন করা যেতে পারে।

ক) উল্লেখিত কাজটি পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা ২০০৮ এর ৬৩ (১) ধারা অনুসারে সীমিত দরপত্র পদ্ধতি LTM এ দরপত্র আহ্বানের অনুমোদন।

খ) উপস্থাপিত দাপ্তরিক প্রাক্কলন মোট টাঃ ৯,৩৩,৯৫৬/- (নয় লক্ষ তেত্রিশ হাজার নয়শত ছাপান্ন) টাকা মাত্র এর অনুমোদন।




গ) আলোচ্য ক্রয় সংক্রান্ত ব্যয় সংশোধিত রাজস্ব বাজেটের পানি ও পয়ঃ শোধনাগার (ও এন্ড এম) খাত হতে নির্বাহের অনুমোদন।

উল্লেখ্য, উপর্যুক্ত প্রস্তাবনাসমূহ অনুমোদনের ক্ষমতা তত্ত্বাবধায়ক প্রকৌশলী, পানি ও পয়ঃ শোধনাগার সার্কেল মহোদয়ের আওতাধীন।

|                                                                                                           |                                                                                                                   |                                                                                                                                 |                                                                                                                          |
|-----------------------------------------------------------------------------------------------------------|-------------------------------------------------------------------------------------------------------------------|---------------------------------------------------------------------------------------------------------------------------------|--------------------------------------------------------------------------------------------------------------------------|
|                          |                                  |                                               |                                       |
| ২/৫/২৪ ৬:০৪ অপরাহ্ন<br>সুরত কুমার দেব<br>উপ-সহকারী প্রকৌশলী<br>সায়োদাবাদ পানি শোধনাগার<br>(রক্ষণাবেক্ষণ) | ২/৫/২৪ ৮:৩৭ অপরাহ্ন<br>মোহাম্মদ মশিউর রহমান ভূঞা<br>সহকারী প্রকৌশলী<br>সায়োদাবাদ পানি শোধনাগার<br>(রক্ষণাবেক্ষণ) | ২/৫/২৪ ৯:০৭ অপরাহ্ন<br>সৈয়দ মোস্তাকিম হোসেন<br>নির্বাহী প্রকৌশলী (চলতি দায়িত্ব)<br>সায়োদাবাদ পানি শোধনাগার<br>(রক্ষণাবেক্ষণ) | ২/৫/২৪ ৯:০৭ অপরাহ্ন<br>মির্জা গোলাম কিবরিয়া<br>তত্ত্বাবধায়ক প্রকৌশলী<br>পানি ও পয়ঃ শোধনাগার সার্কেল<br>(রক্ষণাবেক্ষণ) |


অনুচ্ছেদ ১.৪ - তারিখঃ ৩/৫/২৪ ১১:৩৩ পূর্বাহ্ন

Approved.

|                                                                                                           |                                                                                                                                    |                                                                                                                      |                                                                                                            |
|-----------------------------------------------------------------------------------------------------------|------------------------------------------------------------------------------------------------------------------------------------|----------------------------------------------------------------------------------------------------------------------|------------------------------------------------------------------------------------------------------------|
|                        |                                                 |                                   |                       |
| ৩/৫/২৪ ১১:৩৪ পূর্বাহ্ন<br>মির্জা গোলাম কিবরিয়া<br>তত্ত্বাবধায়ক প্রকৌশলী<br>পানি ও পয়ঃ শোধনাগার সার্কেল | ৩/৫/২৪ ১১:৩৮ পূর্বাহ্ন<br>সৈয়দ মোস্তাকিম হোসেন<br>নির্বাহী প্রকৌশলী (চলতি দায়িত্ব)<br>সায়োদাবাদ পানি শোধনাগার<br>(রক্ষণাবেক্ষণ) | ১২/৫/২৪ ৭:০৭ পূর্বাহ্ন<br>মোহাম্মদ মশিউর রহমান ভূঞা<br>সহকারী প্রকৌশলী<br>সায়োদাবাদ পানি শোধনাগার<br>(রক্ষণাবেক্ষণ) | ৩০/৬/২৪ ২:০৩ অপরাহ্ন<br>সুরত কুমার দেব<br>উপ-সহকারী প্রকৌশলী<br>সায়োদাবাদ পানি শোধনাগার<br>(রক্ষণাবেক্ষণ) |


## ঢাকা ওয়াসা

১.৫। অনুচ্ছেদ নং-১.৪ এ বর্ণিত প্রস্তাব সমূহ যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত হওয়ার (অনুচ্ছেদ-১.৪ দ্রঃ) Supply & installation of AC & accessories for SWTP admin building. সরবরাহ কাজের দরপত্র দলিল প্রস্তুত করা হল এবং সদয় স্বাক্ষরের জন্য উপস্থাপন করা হইল।

  
০৬/০৫/২৪

মোঃ মশিউর রহমান ভূঞা  
সহকারী প্রকৌশলী  
সাঃ পাঃ শোঃ (রক্ষণাবেক্ষণ)  
ঢাকা ওয়াসা।



  
০৬/০৫/২৪


সৈয়দ মোস্তাকিম হোসেন  
নির্বাহী প্রকৌশলী  
সায়োদাবাদ পানি শোধনাগার (রক্ষণাবেক্ষণ)  
ঢাকা ওয়াসা।

১.৬। স্বাক্ষরিত দরপত্র দলিল (Tender Document) বিক্রির নিমিত্তে ব্যাংকে প্রেরণের জন্য প্রস্তুতকৃত চিঠি সদয় স্বাক্ষরের জন্য উপস্থাপন করা হইল।

  
০৬/০৫/২৪

মোঃ মশিউর রহমান ভূঞা  
সহকারী প্রকৌশলী  
সাঃ পাঃ শোঃ (রক্ষণাবেক্ষণ)  
ঢাকা ওয়াসা।



  
০৬/০৫/২৪

সৈয়দ মোস্তাকিম হোসেন  
নির্বাহী প্রকৌশলী  
সায়োদাবাদ পানি শোধনাগার (রক্ষণাবেক্ষণ)  
ঢাকা ওয়াসা।


### Tender Notice।

৬। দরপত্র দলিল (Tender Document) বিক্রির নিমিত্তে ব্যাংকে প্রেরণের জন্য প্রস্তুতকৃত চিঠি।  
৭। দরপত্র মূল্যায়ন কমিটি (TEC) ও দরপত্র উন্মুক্তকরণ কমিটি (TOC) গঠন সংক্রান্ত অফিস আদেশ।  
৮। দরপত্র উন্মুক্তকরণ কমিটির সভা আহবান সংক্রান্ত পত্র।  
৯। দরপত্র উন্মুক্তকরণ কমিটির সভা আহবান সংক্রান্ত পত্র।  
১০। দরপত্র উন্মুক্তকরণ তালিকা।

১.৭। সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, PPA-06 এর ধারা ০৭ এবং এর বিধি PPA-08 চ (১) অনুযায়ী সায়োদাবাদ পানি শোধনাগার (রক্ষণাবেক্ষণ) আওতায় আহবানকৃত সকল দরপত্র/প্রস্তাব সমূহদরপত্র উন্মুক্ত করণের জন্য উন্মুক্ত করণ কমিটি (TOC), ও দরপত্র/প্রস্তাব মূল্যায়নের জন্য মূল্যায়ন কমিটি-৩ (TEC-3) গঠন করা হয়েছে (ক্রমিক নং-৮ দ্রঃ)। Supply & installation of AC & accessories for SWTP admin building. সরবরাহ কাজের জন্য ০৬/০৫/২০২৪ ইং তারিখে দরপত্র আহবান করা হয় এবং দরপত্র গ্রহণের শেষ তারিখ ২১/০৫/২০২৪ ইং দুপুর ১২.০০ ঘটিকা পর্যন্ত নির্ধারিত ছিল। PPA-08 এর ৯৭ (১) অনুযায়ী ক্রয়কারী কর্তৃক দরপত্র উন্মুক্ত করার জন্য ২১/০৫/২০২৪ ইং তারিখ বিকাল ৪:৫২ ঘটিকায় দরপত্র উন্মুক্তকরণ কমিটি কর্তৃক উন্মুক্ত করা হয় এবং ০৩ (তিন) টি দরপত্র পাওয়া যায়। দরপত্র উন্মুক্তকরণ কমিটি (TOC) কর্তৃক Tender Opening Sheet (TOS) প্রস্তুত করা হয়েছে (ক্রমিক নং-১০ দ্রঃ)। প্রাপ্ত দরপত্র সমূহ মূল্যায়নের নিমিত্তে দরপত্র সমূহের সাথে প্রাপ্ত মূল ডকুমেন্ট সহ নথিটি দরপত্র মূল্যায়ন কমিটি-৩ (TEC-03), এর চেয়ারম্যান বরাবরে প্রেরণ করা যেতে পারে।

  
২১/০৫/২৪

সদস্য সচিব, দরপত্র উন্মুক্ত করণ কমিটি (TOC),  
সায়োদাবাদ পানি শোধনাগার (রক্ষণাবেক্ষণ)  
ঢাকা ওয়াসা।

  
২১/০৫/২৪

নির্বাহী প্রকৌশলী  
সায়োদাবাদ পানি শোধনাগার (রক্ষণাবেক্ষণ)  
চেয়ারম্যান, দরপত্র উন্মুক্ত করণ কমিটি (TOC),  
ঢাকা ওয়াসা।

Chairperson  
TEC-3

১১।

দরপত্র মূল্যায়ন কমিটি-৮ (TEC-03) এর সভা আহবান সংক্রান্ত পত্র।

১২।

দরপত্র মূল্যায়ন কমিটি-৮ (TEC-03) এর মূল্যায়ন প্রতিবেদন।

১.৮। সায়েদাবাদ পানি শোধনাগার (রক্ষণাবেক্ষণ) বিভাগের অধীনে Supply & installation of AC & accessories for SWTP admin building. সরবরাহ কাজের দরপত্র টি সায়েদাবাদ পানি শোধনাগার (রক্ষণাবেক্ষণ) জন্য গঠিত দরপত্র মূল্যায়ন কমিটি (TEC-3) কর্তৃক মূল্যায়ন করা হয়েছে (ক্রমিক নং-১২ দ্রঃ)। মূল্যায়ন প্রতিবেদনে আলোচ্য কাজে সর্বনিম্ন মূল্যায়িত দরদাতা হিসেবে M/S Monower Light House এর ৮৯,০৩,৯৫৬/- (নয় লক্ষ তিন হাজার নয়শত ছাপ্পান্ন) মাত্র টাকার (৩.২১% নিম্নে) দরপত্রটি গ্রহণের জন্য সুপারিশ করা হয়েছে।

১.৯। এমতাবস্থায়, দরপত্র মূল্যায়ন কমিটি-৩ (TEC-3) এর সুপারিশ অনুমোদন করা যেতে পারে। উল্লেখ্য, আলোচ্য ক্রয় সংক্রান্ত চুক্তি অনুমোদনের বিষয়টি তত্ত্বাবধায় প্রকৌশলী মহোদয়ের আওতাধীন।

*স্বাক্ষর ২৩/০৫/২৪*

সৈয়দ মোস্তাকিম হোসেন  
নির্বাহী প্রকৌশলী  
সাপাশো (রক্ষণাবেক্ষণ)

ও

সদস্য সচিব দরপত্র মূল্যায়ন কমিটি (TEC-3)  
ঢাকা ওয়াসা।

*স্বাক্ষর ২৩/০৫/২৪*

মুক্তা সাহা  
নির্বাহী প্রকৌশলী, সিএম বিভাগ  
ঢাকা ওয়াসা

ও

চেয়ারম্যান দরপত্র মূল্যায়ন কমিটি (TEC-3)  
ঢাকা ওয়াসা।

*SE, W&S/P, Circle*  
*EE, SWTP(M)*

*১.১০৭ প্রকৌশলী (অনুমোদিত)*

*২৩/০৫/২০২৪*